দৈনিক ইনকিলাব

2 2 MAY 1997

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে আরো সাড়ে ৪শ' কোটি টাকা বরাদ্দ

নিউজ মিডিয়া ঃ শিক্ষার বিনিময় খাদ্য কর্মসূচী আরো বেগবান করার জন্য সরকার ৪৫০ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করেছেন। এ কর্মসূচীর আওতায় বর্তমানে ৩৫ লাখ শিশু উপকৃত হচ্ছে।

সূত্র জানায়, দেশের অবহেলিত শিশুদের প্রাথমিক শিক্ষার সুযোগ নিশ্চিত করতে বিগত সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করেন। প্রথমে এই খাদ্য কর্মসূচী পরীক্ষামূলকভাবে দেশের মাত্র কয়েকটি থানার নির্বাচিত ইউনিয়নে শুরু করা হয়। এতে অশানুরূপ সাড়া মেলেনি। এরপর পর্যাক্রমে এই কর্মসূচী সম্প্রসারণ করা হয়।

সূত্র জানিয়েছে, ১৯৯৩-৯৪ অর্থবছরে প্রথম দফায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় দেশের ৪৬০টি ইউনিয়নে সাত লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ পেয়েছিল। ১৯৯৪-৯৫ অর্থবছরে দ্বিতীয় দফায় আরও ১ হাজার ইউনিয়নে ১৬ লক্ষাধিক শিশুকে এই কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হয়। ১৯৯৫-৯৬ সালে ৬৪টি জেলার সর্বাধিক অনগ্রসর ১২শ' ইউনিয়নের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এই কর্মসূচী চালু করা হয়েছে। এতে প্রায় ৩৫ লক্ষাধিক শিশু এই কর্মসূচীর সুযোগ পেয়েছিল। এ সময় নির্বাচিত ইউনিয়নের সকল স্কুলের শিশুদের সর্বোচ্ছ ২১ কেজি গম প্রদান করা হচ্ছে। এতে দরিদ্র ঘরের শিশুদের প্রাথমিক শিক্ষা গ্রহণে যুগান্তকারী সাড়া মেলে। দরিদ্র পিতা-মাতা তাদের শিশুদের প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত সন্তানদের জীবিকা অর্জনে নিয়োজিত না করে স্কুলে পাঠাতে উৎসাহিত হয়ে উঠে।